দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ
নব প্রশাসনিক ভবন (৩য় তল)
১২, বিপ্লবী কানাই ভট্টাচার্য সরণী, আলিপুর, কলিকাতা-৭০০০২৭
Phone : Office : 2479 – 1385 / 8998 • Sabhadhipati : 2479 – 1738 • Sahakari Sabhadhipati : 2479 – 8762 • Addl. Ex. Officer : 2479 – 1096

তারিখ : ২৮/০২/২০২২

স্মারক নং :- ২৭৯ /জেড.পি/ফেরী/নিলাম/২২

# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধাণরকে জানানো হচ্ছে যে, সংযোজিত তালিকায় বর্ণিত ফেরীঘাটগুলি উল্লেখিত তারিখে জেলা পরিষদ কার্যালয়ে বেলা ১২ টায় লিভ ও লাইসেন্সের মাধ্যমে পার্শ্বেবর্ণিত মেয়াদের বন্দোবস্ত দেবার উদ্দেশ্যে প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে। ফেরীঘাটের ক্ষেত্রে আরনেষ্ট (আমানত) মানি ও নুন্যতম ডাকের পরিমান সংযোজিত তালিকায় উল্লেখ করা হয়েছে।

**ক) নিলামে অংশগ্রহণের যোগ্যতা ঃ**

১। জেলার স্থায়ী অধিবাসী, যাঁর স্বনামে জেলায় যথেষ্ট স্থাবর সম্পত্তি আছে। জেলায় অবস্থিত বিধিবদ্ধ পার্টনারশিপ ফার্ম, কোম্পানী অথবা সমবায় সমিতি। জেলায় অবস্থিত স্বর্ণজয়ন্তী প্রকল্পে অন্ততঃ দ্বিতীয় গ্রেড যুক্ত স্বয়ম্ভর গোষ্ঠী।

২। নিলামের বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার পর নিলামে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করে আবেদন জানিয়ে নির্দিষ্ট দিনের মধ্যে (নিলাম টেবিলে উল্লেখিত) বিকাল ৩.০০ টার মধ্যে ব্যাঙ্ক ড্রফ্‌ট বা ব্যাঙ্কার চেকের মাধ্যমে আরনেস্ট মানি, আবেদনপত্র ও যোগ্যতার সপক্ষে প্রমাণপত্রের প্রত্যায়িত নকল কপি নিলাম টেবিলে উল্লেখিত স্থানে জমা দিতে হবে। প্রকাশ থাকে যে, নিলামের সময় নিলাম কক্ষে সমস্ত Original Copy দাখিল করিতে হইবে।

৩। আবেদনের সঙ্গে বৈধ আয়কর, বিক্রয়কর, পেশাকর সংক্রান্ত সার্টিফিকেট, পেশ করতে হবে (কোম্পানি ও সমবায় সমিতির ক্ষেত্রে এটি প্রযোজ্য)।

৪। দরখাস্তের সঙ্গে নির্দিষ্ট বয়ানে (তালিকায় সংযোজিত) ১০ টাকার নন্ জুডিসিয়াল স্ট্যাম্প পেপারে নোটারী প্রত্যয়িত হলফনামা জমা দিতে হইবে।

৫। প্রত্যেক বৈধ অংশগ্রহণকারী বা কারীগণ অথবা তাঁর বা তাঁদের অনুপস্থিতিতে তাঁর বা তাঁদের মনোনিত একজন প্রতিনিধি তৎসহ প্রাধিকার অর্পণ পত্র (Authorized letter) সহ নিলাম কক্ষে উপস্থিত থাকিয়া নিলামে অংশগ্রহণ করিবেন।

**খ) নিলামে অংশগ্রহণের অযোগ্যতা ঃ**

১। পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন ১৯৭৩ (এর রুল নং - ১৪২ (সি) অনুযায়ী) অনুযায়ী ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কিত বা কোনো সংস্থার সঙ্গে যুক্ত অথবা আধিকারিক বা কর্মী অথবা কোনো অংশীদারী সংস্থার সঙ্গে যুক্ত অথবা জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি বা গ্রামপঞ্চায়েতের সঙ্গে সংস্থাগতভাবে সম্পর্কিত।

২। যদি প্রমানিত হয় যে আবেদনকারী ইতিপূর্বে জেলা পরিষদের কোনো ফেরীঘাট বিনা রাজস্বে ও অবৈধ ভাবে চালিয়েছেন।

৩। আর্থিক ভাবে 'ইনসলভেন্ট' ঘোষিত হলে।

৪। ইতিপূর্বে জেলা পরিষদ দ্বারা প্রাপ্ত কোনো দায়িত্ব পালনে শর্ত ভঙ্গ হয়ে থাকলে।

৫। অসম্পূর্ণ অথবা ভুল তথ্য দেওয়া হলে।

৬। উপরে উল্লিখিত 'ক' অনুচ্ছেদে বর্ণিত যোগ্যতাবলীর অধিকারী না হয়ে থাকলে।

৭। নিলামে অংশগ্রহনকারী প্রথম ও দ্বিতীয় ডাকদাতা বিবেচিত হওয়ার পর ডাকের টাকা জেলা পরিষদে নির্দিষ্ট দিনে জমা দিতে অসমর্থ হলে সেই সময় থেকে পরবর্তী পাঁচ বছর পর্যন্ত তিনি / তাঁদের নিলামে অংশগ্রহনের আবেদন মঞ্জুর হইবে না।

গ) শর্তাবলী ঃ

১। (ক) ফেরী পারাপারের জন্য আবেদনকারী ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে জলধারা প্রকল্পে জেলা পরিষদ হইতে প্রাপ্য বোট / নৌকা উপযুক্ত ভাড়ার মাধ্যমে লইতে হইবে। যদি অবিলম্বে জেলা পরিষদ বোট / নৌকার বন্দোবস্ত করিতে না পারে তাহলে তাহাদের নিজেদের বন্দোবস্ত করিতে হইবে। প্রতিটি ফেরীঘাটের জন্য অন্তত: দুটি বোট আবশ্যক।

(খ) ফেরী চালানোর জন্য সরকারী ট্রেনিং প্রাপ্ত অন্তত: দুজন মাঝি ও তৎসহ চারজন সহকারী আবশ্যক। সমস্ত মাঝি ও সহকারীদের আর্থিক দায়ভার ডাকদাতাদেরই লইতে হইবে।

২। ইচ্ছুক ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে নিলাম ডাকের পূর্বে উল্লিখিত ফেরীগুলির পার্শ্ববর্ণিত পরিমাণ অর্থ আমানত বাবদ জমা রাখতে হবে। প্রথম ও দ্বিতীয় ডাককারী সংস্থা ব্যতিরেকে অন্যান্য ডাককারী সংস্থাগুলিকে আমানাতের অর্থ ফেরত দেওয়া হবে। উল্লেখ থাকে যে, উক্ত আমানতের টাকা "AEO, South 24 Paraganas Zilla Parishad"-এর নামে যে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের কোলকাতা শাখায় ভাঙ্গানো যাবে এমন "ব্যাঙ্ক ড্রাফ্‌ট"-এর মাধ্যমে পরিষদের নামে জমা করতে হবে।

৩। নিলামের ক্ষেত্রে অন্ততঃ দুই জন ডাকদাতার উপস্থিতি বাধ্যতামূলক।

৪। নিলামে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত ডাক হলে নূন্যতম ১০০/- (একশত) টাকা, ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বেশি ডাক হলে নূন্যতম ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বেশি ডাক হলে নূন্যতম ১০০০/- (এক হাজার) টাকা এবং ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার বেশি ডাক হলে নূন্যতম ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বাড়িয়ে ডাকদাতাগণকে প্রতিবার ডাক দিতে হবে।

৫। সংশ্লিষ্ট ফেরীঘাটের নিলামের সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে নিলামের সমাপ্তি ঘোষিত হওয়ার পর ডাকের সম্পূর্ণ টাকা ডাকের ঐদিনে অথবা উক্ত দিনের পর দুইটি কাজের দিনের মধ্যে বিকাল ৩ টার মধ্যে ব্যাঙ্ক ড্রাফ্‌ট-এর মাধ্যমে "AEO, South 24 Paraganas Zilla Parishad"-এর নামে (যা কলকাতাস্থিত রাষ্ট্রায়ত্ত ব্রাঙ্কের

যে কোনও শাখায় ভাঙ্গানো যাবে) জেলা পরিষদে জমা দিতে হবে। সম্পূর্ণ টাকা এইরূপে মিটিয়ে দিতে না পারলে অনুরূপ ভাবে ২য় সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থা তার ডাকের সম্পূর্ণ টাকা পরবর্তী দুইটি কাজের দিনের বিকেল ৩ টার মধ্যে জমা দিয়ে ফেরীটির ইজারা নেওয়ার সুযোগ দেওয়া হবে। প্রথম ডাকদাতা বা ডাকদাতা সংস্থা ইজারামূল্য নির্দিষ্ট সময়ে জমা করতে ব্যর্থ হলে দ্বিতীয় সর্ব্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে নিজ দায়িত্বে ও নিজ তাগিদে তার ডাকের অঙ্ক জমা করবে। এক্ষেত্রে পরিষদ কোন ভাবেই তাকে খবর দিতে বাধ্য থাকবে না এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থা নির্দিষ্ট সময়ের টাকা জমা দিতে না পারলে এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা নিলাম কমিটির থাকবে অথবা যদি উক্ত ফেরীঘাটটির পুনর্নিলামের প্রয়োজন দেখা দেয় তবে প্রথম ও দ্বিতীয় ডাকদাতা অথবা ডাকদাতা সংস্থাকে ব্যতিরেকে বাকী ডাকদাতাদের বা ডাকদাতা সংস্থাদের নিলামে অংশগ্রহণ করতে দেওয়া হবে।

৬। ক) সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থা সমুদয় টাকা উল্লিখিত শর্তানুযায়ী জমা দিতে না পারলে ডাকদাতা / সংস্থার জমা রাখা আমানতের টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে। অনুরূপভাবে দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতা / সংস্থার ক্ষেত্রেই একই নিয়ম প্রযুক্ত হবে।

খ) নিলামের সময় যদি একজন ডাকদাতা উপস্থিত থাকেন এবং জেলা পরিষদ যদি উক্ত দিনে কোন সিদ্ধান্ত না গ্রহণ করে থাকে তবে পুনরায় যদি নিলাম হয় সেক্ষেত্রে উক্ত ব্যক্তি অংশগ্রহণ করতে পারবে।

৭। প্রথম ও দ্বিতীয় উভয় ডাকদাতাই অসমর্থ হলে ফেরীঘাট বন্দোবস্ত সংক্রান্ত সিদ্ধান্ত জেলা পরিষদ যথাসময়ে গ্রহণ করবে এবং এই সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি বা সংস্থার কোন দাবী বা আবেদন গ্রাহ্য হবে না।

৮। নিলাম কমিটি অথবা এই কমিটির সভাপতি অর্থাৎ জেলা পরিষদের সভাধিপতির দ্বারা মনোনীত আধিকারিক নিলামে প্রদত্ত দর ও সংযোজিত নথীসমূহ লিপিবদ্ধ করবেন।

৯। ডাকের অর্থ জমা হবার পরবর্তী ১৫ দিনের মধ্যে নিলাম কমিটি অথবা এই কমিটির সভাপতি অর্থাৎ জেলা পরিষদের সভাধিপতি নিলাম সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং ফেরীঘাটের ইজারা প্রাপকের নাম ঘোষনা করবেন। এই ঘোষনার ১৫ দিনের মধ্যে ইজারা প্রাপককে কবুলিয়ত সম্পাদন করে ঘাটের দখলনামা সংগ্রহ করতে হবে, অন্যথায় ইজারা প্রাপক উক্ত সুযোগ স্থায়ীভাবে হারাবেন। কবুলিয়ত নির্দিষ্ট বয়ানে সম্পাদিত হবে ও ইজারা প্রাপক নিজ ব্যয়ে আলিপুর রেজিষ্ট্রি অফিসে তা নিবন্ধিত করবেন।

১০। ইজারা প্রাপকের জমা থাকা 'আরনেষ্ট মানি' জামিন জমায় রূপান্তরিত হবে, যা থেকে ফেরী চালনাকালীন সরকারী আইন মোতাবেক প্রদেয় কর ও অন্যান্য অর্থ নির্দিষ্ট সময়ে জমা না হলে সমপরিমান অর্থ কেটে নেওয়া হবে এবং শর্তভঙ্গজনিত কারণে জেলা পরিষদের আর্থিক ক্ষতি হলে তা উসুল করা হবে এবং জনস্বার্থ জনিত প্রশাসনিক কর্তৃপক্ষের আদেশ অমান্য হলে ধার্য আর্থিক জরিমানা ইজারা প্রাপক দিতে বাধ্য থাকবেন।

১১। ইজারা প্রাপককে ইজারার মেয়াদ শুরুর প্রথম দিনেই কবুলিয়তের শর্ত অনুযায়ী নৌকা, মাঝি-মাল্লা, ইত্যাদি সংস্থান করতে হবে ও নিরাপত্তামূলক ব্যবস্থা নিতে হবে এবং নৌকার ভিতরে ও ঘাটে প্রয়োজনীয় আলোর ব্যবস্থা

করতে হবে। স্থানীয় প্রশাসনিক কর্তৃপক্ষ অথবা জেলা পরিষদের প্রতিনিধি বিষয়টি পরীক্ষা করবেন। ইজারা প্রাপকের গৃহীত ব্যবস্থা সন্তোষজনক না হলে জেলা পরিষদের পক্ষ থেকে ইজারা প্রাপকের বিরুদ্ধে আর্থিক জরিমানা ও অন্যান্য ব্যবস্থা গৃহীত হতে পারে।

১২। ইজারা প্রাপককে ঘাটের স্থায়ী পরিকাঠামোর যথাযথ রক্ষণাবেক্ষণ ও জেটি তথা জেটি পথের ব্যবস্থা নিজ ব্যয়ে করতে হবে।

১৩। ইজারাদার কর্তৃক গৃহীত যাত্রীমাশুল জেলা পরিষদের সংশোধিত উপবিধি ২০১৪-এ বর্ণিত সর্বোচ্চ মাশুলের অধিক হইবে না।

১৪। যাত্রীমাশুল সংক্রান্ত কোন সমস্যা দেখা দিলে তা স্থানীয় প্রশাসনিক স্তরে সমাধানের উদ্যোগ নিতে হবে এবং স্থানীয় প্রশাসনের সহযোগিতায় সমাধান করিয়া লইতে হইবে। এক্ষেত্রে জেলা পরিষদ সম্পূর্ণ সহযোগীতা করিবে।

১৫। নদীর কোনো এক পাড় থেকে অন্য পাড়ে যাবার জন্য যাত্রী অপেক্ষমান থাকলে সর্বাধিক ৩০ মিনিটের ব্যবধানে ফেরী চালাতে হবে এবং কোনো স্পেশাল ফেরী চালানো যাবে না। দিনের প্রথম ও শেষ ফেরীর সময় প্রথা অনুসারে অথবা স্থানীয় প্রশাসনিক কর্তৃপক্ষের আদেশমত নির্দিষ্ট হবে।

১৬। সর্বোচ্চ যাত্রী সংখ্যা ও মালের ওজন নৌকার পরিবহন ক্ষমতার বর্হিভূত হবে না। ব্যতিক্রম হইলে ইজারাদার দায়বদ্ধ থাকবেন।

১৭। ইজারাদার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ফেরীর পুণঃবন্দোবস্ত দিলে অথবা এই নোটিশে বর্ণিত কোনো শর্ত ভঙ্গ বা অমান্য করে ডাকে অংশ নিয়ে ইজারা লাভ করলে ইজারা বাতিল ও দখল নামা প্রত্যাহার করে নেবার ক্ষমতা জেলা পরিষদের থাকবে। এ ক্ষেত্রে ডাকের জমা অর্থ সম্পূর্ণরূপে বাজেয়াপ্ত করার ক্ষমতা জেলা পরিষদের থাকবে।

১৮। ইজারা দান সংক্রান্ত বিবাদ মীমাংসা জেলা পরিষদের সংশোধিত উপবিধি ২০১৪ অনুযায়ী সকল পক্ষের ক্ষেত্রে প্রযোজ্য ও কার্যকর হবে। ইজারা দান সংক্রান্ত বিবাদ মীমাংসার জন্য ইজারাদারকে প্রথমে নিলাম কমিটি, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদের কাছে লিখিত আবেদন জানাতে হবে।

১৯। নিলামের সময় থেকে ইজারার মেয়াদকালের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত আদালতের অন্তবর্তী বা চূড়ান্ত আদেশনামা জারী হলে, তা কার্যকর করার ক্ষেত্রে ইজারাদার জেলা পরিষদের উপর কোনো আর্থিক দায়ভার / ক্ষতিপূরণ চাপাতে পারবে না।

২০। দখলনামা জারীর দিন থেকে ইজারা সত্ব-এর সময়কাল শুরু হবে।

২১। মেয়াদকাল শেষ হবার পূর্বে বিশেষ পরিস্থিতিতে জেলা পরিষদ মেয়াদসীমা হ্রাস অথবা বন্দোবস্ত প্রত্যাহার করে নিতে পারবে এবং এক্ষেত্রে বাকী সময়ের জন্য ইজারা মূল্য আনুপাতিক হারে জেলা পরিষদ ফেরত দেবে।

২২। নিলাম সংক্রান্ত যে কোন বিষয়ে নিলাম কমিটির গৃহিত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৩। ফেরীঘাট ইজারা লাভ করিলে দখলনামার সহিত প্রদত্ত Model Standard of Operating Procedure (SOP) স্মারক নং - 3450/WT/TR/O/3W – 15/2016, dt. 05/09/2016 ইজারাদারকে সম্পূর্ণরূপে সকল অবস্থাতেই মানিয়া চলিতে হইবে। অন্যথায় তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অধিকার পরিষদের থাকিবে।

২৪। ফেরীঘাটের নিলাম ও দুইবার পুনর্নিলামের পর নিলাম ও পুনর্নিলাম পরবর্তী বন্দোবস্ত বিহীন ঘাটগুলিকে আবেদনের মাধ্যমে ইজারা বন্দোবস্ত দিবার অধিকার জেলা পরিষদের থাকিবে। সেক্ষেত্রে আবেদনকারীর উপর নিলাম বিজ্ঞপ্তির সকল শর্ত আরোপিত হওয়ার পাশাপাশি তাকে আবেদনের সঙ্গে হলফনামা প্রদান করিতে হইবে এবং তাহার প্রস্তাবিত ইজারামূল্য কখনই নিলাম বিজ্ঞপ্তির নূন্যতম ইজারামূল্যের চেয়ে কম হইবে না এবং উক্ত বিষয়ে অন্য কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নিলাম কমিটির সভাপতির উপরই থাকিবে।

২৫। দ্বিতীয়বার পুনর্নিলামের পরবর্তী এক (১) মাস আবেদনের মাধ্যমে ইজারা বন্দোবস্তের মেয়াদ স্থিরীকৃত হইবে। উক্ত সময় পরবর্তী ফেরীঘাট ইজারা নেওয়ার জন্য কোনো আবেদন গ্রাহ্য হইবে না।

২৬। পরিষদের ফেরীঘাটগুলিতে যিনি ব্যাক্তিগত ভাবে / সংস্থার পক্ষে পশ্চিমবঙ্গ সরকারের "জলধারা" প্রকল্পের আওতায় আসবেন সেই সকল ব্যাক্তি / সংস্থাকে ফেরীঘাট ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার (Preference) দেওয়া হবে। সেক্ষেত্রে নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত "নিলামে অংশগ্রহণের যোগ্যতা" অংশের "ক"-এর ১ নং শর্তটি প্রযোজ্য নয়।

২৭। পরিষদের কোনো ফেরীঘাট নিলাম / আবেদনের মাধ্যমে ব্যাক্তিগতভাবে অথবা সংস্থার পক্ষে কোনো ব্যাক্তি ইজারা গ্রহণ করিলে এবং ইজারার মেয়াদ চলাকালীন উক্ত ফেরীঘাটে "জলধারা" ভেসেল প্রদত্ত হইলে ইজারাদার সেই ভেসেল গ্রহণ করিতে বাধ্য থাকিবে। উক্ত ভেসেলের জন্য নির্দিষ্ট ভাড়া ইজারাদার সময়ান্তরে পরিষদে জমা করিবে এবং উক্ত ভেসেলের রক্ষণা-বেক্ষণ ব্যয় ইজারাদারের উপরই ন্যাস্ত হইবে। অন্যথায় তাঁহার ইজারাসত্ত্ব এবং জমাকৃত ইজারামূল্য বাতিল হইবে পাশাপাশি তাঁর ভুটভুটি বাজেয়াপ্ত করা হইবে।

২৮। <u>নিলামে অংশগ্রহণের প্রয়োজনীয়তা কাগজপত্র :</u>

ক) Application in proper format.

খ) Affidavit in given format on Rs. 10/- Non Judicial Stamp Pater with Notary Public.

গ) স্বনামে সম্পত্তির নথির স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি।

ঘ) Epic-এর স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি।

ঙ) Earnest Money in given format of respective Ghats.

চ) প্যান কার্ড-এর স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি।

ছ) আয়কর (Income Tax) জমার স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি।

জ) পেশা কর (Professional Tax) জমার স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি।

স্মারক নং :- ২৭৯/১(২৭)/জেড.পি/ফেরী/ নিলাম/২২ তারিখ : 28/2/22

**প্রতিলিপি অবগতি ও প্রচারের জন্য প্রেরিত হ'ল :**

১ । যুগ্ম সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর ।
২ । সহকারী সভাধিপতি, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ ।
৩ । সচিব, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ ।
৪ । জেলা বাস্তুকার, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ ।
৫ । অর্থ নিয়ামক ও প্রধান গাণণিক আধিকারিক, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ ।
৬ । জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ ।
৭ । ______________________, নিলাম কমিটির সদস্য / সদস্যা । নিলামের দিনটিতে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল ।
৮ । জেলা পরিষদের সদস্য / সদস্যা এবং পরিষদের কর্মাধ্যক্ষগণ, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ ।
৯ । মহকুমা শাসক, ক্যানিং / কাকদ্বীপ / ডায়মন্ড হারবার / বারুইপুর / আলিপুর সদর, দক্ষিণ ২৪ পরগনা ।
১০ । সভাপতি, ______________________ পঞ্চায়েত সমিতি, দক্ষিণ ২৪ পরগনা ।
১১ । সমষ্টি উন্নয়ন আধিকারিক ও নির্বাহী আধিকারিক ______________________ পঞ্চায়েত সমিতি, দক্ষিণ ২৪ পরগনা । (আপনার আওতাধীন সকল থানা ও সকল গ্রাম পঞ্চায়েত এবং জেলা পরিষদের সকল সদস্য ও সদস্যাকে অবহিত করার অনুরোধ করা হল) ।
১২ । ভারপ্রাপ্ত আধিকারিক, ________________________________________ থানা দক্ষিণ ২৪ পরগনা
১৩ । জেলা শাসকের অফিস নোটিশ বোর্ড ।
১৪ । জেলা পরিষদের অফিস নোটিশ বোর্ড ।
১৫ । সভাধিপতি / জেলা শাসক-এর আপ্ত সহায়ক ।
১৬। প্রধান,______________________ গ্রাম পঞ্চায়েত, দক্ষিণ ২৪ পরগনা । আপনার পঞ্চায়েতে অবস্থিত ফেরীঘাটে ২০২২ - ২৩ আর্থিক বছরের নিলাম বিজ্ঞপ্তিটির প্রতিলিপি জনগণের স্বার্থে টাঙ্গানোর জন্য আপনাকে অনুরোধ করা হল ।
১৭ । জেলা তথ্য বিশ্লেষক - জেলা পরিষদ zps24pgs.gov.in ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণ করুন।।

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

**হলফনামার বয়ান ঃ**

আমি ______________________________, বয়স __________ বছর, পিতা ________________________, স্থায়ী বাস-গ্রাম ________________, পোঃ- ________________, থানা - ________________, জেলা ________________, বর্তমান নিবাস-গ্রাম ______________, পোঃ- ______________, থানা - ________________, জেলা ________________, পেশা ______________, ধর্ম ____________, ব্যক্তিগত ভাবে এবং ___________________________________ (সংস্থার নাম)-এর দায়িত্ব প্রাপ্ত পদাধিকারী ____________________ (যে যে পদে আসীন) রূপে. সজ্ঞানে ঘোষনা করিতেছি যে, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদের স্মারক নং - /জেড.পি/ফেরী/নিলাম/২২, তারিখ ২০২২-এর অধীন প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তির 'ক', 'খ' ও 'গ' অনুচ্ছেদ সমূহের অধীনে বর্ণিত বিষয় ও শর্তাবলী পাঠ করিয়াছি ও ইহার মর্মার্থ অনুধাবন করিয়াছি। কবুল করিতেছি যে, আমি ও আমার সংস্থা নিলামে অংশগ্রহণের জন্য এবং ইজারার জন্য নির্বাচিত হইলে তাহা লাভের জন্য প্রয়োজনীয় সকল যোগ্যতার অধিকারী এবং কোনোভাবেই ইহার অযোগ্য নহি ও নহে। একইসঙ্গে এই মর্মে অঙ্গীকার করিতেছি, ইজারা লাভ করিলে আমি ও আমার সংস্থা উক্ত নিলাম বিজ্ঞপ্তির সকল শর্ত যে কোনো পরিস্থিতিতে যথাযথ মানিয়া চলিতে বাধ্য থাকিব ও থাকিবে। ভবিষ্যতে আমি ও আমার সংস্থা প্রদত্ত কোনো তথ্য অসম্পূর্ণ বা ভুল প্রমানিত হইলে, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ দখলনামা খারিজ করিয়া আমার বা আমার সংস্থার বিরুদ্ধে আর্থিক ক্ষতিপূরণ আদায় করিতে পারিবে। একই সঙ্গে আরো অঙ্গীকার করিতেছি, আমি কোন ফেরীঘাট ইজারা পাইলে সেই ফেরীঘাটে সংশোধিত জেলা পরিষদ ২০২০ উপবিধি অনুযায়ী (১৮৬৫/জেড.পি/ আর.ভি/ফেরী/ ২০২০, তারিখ : ২৯/১২/২০২০) যাত্রীভাড়া আদায় করিতে বাধ্য থাকিব ও সেই ভাড়া জেলা পরিষদেও উক্ত সংশোধিত উপবিধি ২০২০-তে উল্লিখিত ভাড়া হইতে বেশী হইবে না।

উপরিউক্ত বিবৃতি সমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

________________________ স্থানে, ____________________ তারিখে ______________

সাক্ষর করিলাম :

সাক্ষী :

| নাম | ঠিকানা | সাক্ষর |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |

# নিলামে / পুনর্নিলামে অংশগ্রহনের আবেদন পত্রের বয়ান

সংযোজনী - ৩

প্রতি,

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ
আলিপুর, কলকাতা - ২৭

বিষয় : . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ফেরীঘাটের নিলামে / পুনর্নিলামে অংশ গ্রহনের জন্য আবেদন ।

মহাশয়,

আপনার নিকট আমার আবেদন এই যে আমি শ্রী / শ্রীমতী . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . , পিতা / স্বামী . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . (সম্পাদক / সভাপতি / সদস্য , . . . . . . . . . . . . . . . . . . . . . . . .) গ্রাম : . . . . . . . . . . . . . . . . . . . . ., পোষ্ট : . . . . . . . . . . . . . . . . . . . . . , থানা : . . . . . . . . . . . . . . . , জেলা : দক্ষিণ ২৪ পরগণা, আমি . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . তারিখের . . . . . . . . . . . . . . . . . . . . ফেরীঘাটের নিলামে / পুনর্নিলামে অংশ গ্রহন করতে এবং আমানত বাবদ . . . . . . . . . . (. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .) টাকার ব্যাঙ্ক ড্রাফ্‌ট জমা দিতে ইচ্ছুক ।

সুতরাং আমার ব্যাঙ্ক ড্রাফ্‌টটি জমা নিয়ে উক্ত ফেরীঘাটের নিলামে / পুনর্নিলামে অংশ গ্রহন করতে দেবার জন্য অনুরোধ করছি ।

ইতি

তারিখ : . . . . . . . . . . . . . .

. . . . . . . . . . . . . . . . .

(ইংরাজী) . . . . . . . . . . . . . . . . .

সংযোজনী - ২

| ক্রমিক নং | ফাইল নং | ফেরীর নাম | থানার নাম | ব্লকের নাম | গতিপথ আরম্ভ | গতিপথ শেষ | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও স্থান | নুন্যতম ইজারা মূল্য | আমানতের পরিমান | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | আর.ভি.-১/১২/৬২ | গরানকাটি | কুলতলী ক্যানিং | কুলতলী ক্যানিং | | | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৩৯৬৭ | ৩৬১ | ০১/০৪/২০২২হতে ৩১/০৩/২০২৩ পর্যন্ত |
| ২ | আর.ভি.-১/১১/৮২ | তাম্বুলদহ ক্যানিং সহায়ক মৌখালি | ক্যানিং বাসন্তী | ক্যানিং বাসন্তী | ক্যানিং | মৌখালি | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫২৬১৫ | ৪৭৮৩ | |
| ৩ | আর.ভি.-১/৭/৬৮ | মনোহরগঞ্জ | ডা:হারবার-১ ও ২ | ডা:হারবার-১ ও ২ | বাদারতলা | পাতরা | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪১৯৭৪ | ১২৯০৭ | |
| ৪ | আর.ভি.-১/৬৭/.. | বারাতলা নয়াপাড়া | জয়নগর কুলতলী | জয়নগর কুলতলী | বারাতলা | নয়াপাড়া | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৯৬৮৬৬ | ১৭৮৯৭ | |
| ৫ | আর.ভি.-১/৩৪/৮৯ | রামনগর আবাদ-১৫ নং কাশিয়াবাদ | কাকদ্বীপ পাথরপ্রতিমা | কাকদ্বীপ পাথরপ্রতিমা | রামনগর আবাদ | ১৫ নং কাশিয়াবাদ | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১২২৩৪ | ১১১২ | |
| ৬ | আর.ভি.-১/২৯/৮৯ | পশ্চিম সুরেন্দ্রনগর দ:দূর্গানগর ভায়া চুনপুরি ফরেস্ট | পাথরপ্রতিমা নামখানা | পাথরপ্রতিমা নামখানা | পশ্চিম সুরেন্দ্রনগর | দ: দূর্গানগর | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১১৭৫৪৯ | ১০৬৮৬ | |
| ৭ | আর.ভি.-১/৫৭/০১ | মেরীগঞ্জ পশ্চিম শ্যামনগর | জয়নগর-২ কুলতলী | জয়নগর-২ কুলতলী | মেরীগঞ্জ | পশ্চিম শ্যামনগর | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২৯২৩০৯ | ২৬৫৭৪ | |
| ৮ | আর.ভি.-১/৩৫/৮৯ | রুদ্রনগর কাকদ্বীপ | সাগর কাকদ্বীপ | সাগর কাকদ্বীপ | রুদ্রনগর | কাকদ্বীপ রুপচাঁদঘাট | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৮৫৪৫২ | ১৬৮৫৯ | |
| ৯ | আর.ভি.-১/২৮/৮৯ | পশ্চিম দ্বারিকাপুর ঘুঘুডাঙা | কাকদ্বীপ | কাকদ্বীপ | পশ্চিম দ্বারিকাপুর | ঘুঘুডাঙা | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২১৩৯৯ | ১৯৪৫ | |
| ১০ | আর.ভি.-১/১০/৮০ | বরদাপুর নারায়নপুর | পাথরপ্রতিমাা | পাথরপ্রতিমাা | বরদাপুর | নারায়নপুর | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২১৩৯৯ | ১৯৪৫ | |
| ১১ | আর.ভি.-১/৭৫/.. | কোটাখালি | বাসন্তী গোসাবা | বাসন্তী গোসাবা | কোটাখালি | গোপাল কাটা | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৫৭৭২ | ১২৩৪৩ | |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

H:\FERRY NILAM LIST (2022-23) 24.02.22.doc

| ক্রমিক নং | ফাইল নং | ফেরীর নাম | থানার নাম | ব্লকের নাম | গতিপথ আরম্ভ | গতিপথ শেষ | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও স্থান | নুন্যতম ইজারা মূল্য | আমানতের পরিমান | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১২ | আর.ভি.- ১/১৩/৮৯ | পূজালি কুমীরমারি হেমনগর | বাসন্তী গোসাবা | বাসন্তী গোসাবা | পূজালী | হেমনগর | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৭৫৩৮৫ | ১৫৯৪৪ | ০১/০৪/২০২২ হইতে ৩১/০৩/২০২৩ পর্যন্ত |
| ১৩ | আর.ভি.- ১/১৬/৮৯ | দ: সুরেন্দ্রগঞ্জ মোল্লারখাল নামখানা | পাথরপ্রতিমা নামখানা | পাথরপ্রতিমা নামখানা | দ: সুরেন্দ্রগঞ্জ | নামখানা | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৬৭৩৩ | ১৩৩৩৯ | |
| ১৪ | আর.ভি.- ১/২৩/৮৯ | কাশিয়াবাদ ইন্দ্রনারায়ণপুর | পাথরপ্রতিমা | পাথরপ্রতিমা | কাশিয়াবাদ | ইন্দ্রনারায়নপুর | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৬০০২৮১ | ৫৪৫৭১ | |
| ১৫ | আর.ভি.- ১/২৭/৮৯. | নারায়ণতলা হলদিবাড়ি | ক্যানিং বাসন্তী | ক্যানিং বাসন্তী | নারায়ণতলা | হলদিবাড়ী | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৭৮৪৬ | ১৩৪৪১ | |
| ১৬ | আর.ভি.- ১/৮৯/.. | সীতারামপুর কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | সীতারামপুর | কাকদ্বীপ | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ | ৪৮৬৪ | |
| ১৭ | আর.ভি.- ১/৫৮(১)/০২ | বিরাটবাজার কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | বিরাটবাজার | কাকদ্বীপ | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ | ৪৮৬৪ | |
| ১৮ | আর.ভি.- ১/৫৮(২)/০২ | কয়ালের বাজার কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | কয়ালেরবাজার | কাকদ্বীপ | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ | ৪৮৬৪ | |
| ১৯ | আর.ভি.- ১/৫৮(৩)/০২ | কে-প্লট কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | কে-প্লট | কাকদ্বীপ | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ | ৪৮৬৪ | |
| ২০ | আর.ভি.- ১/৫৮(৪)/০২ | উপেন্দ্রনগর কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | উপেন্দ্রনগর | কাকদ্বীপ | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ | ৪৮৬৪ | |
| ২১ | আর.ভি.- ১/৪৪/৯৩ | উত্তর সুরেন্দ্রগঞ্জ নামখানা ভায়া জয়ামাইতীর ঘাট | পাথরপ্রতিমা নামখানা | পাথরপ্রতিমা নামখানা | উ: সুরেন্দ্রগঞ্জ | নামখানা | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৩৯৪৯৭৫ | ৩৫৯০৭ | |
| ২২ | আর.ভি.- ১/৫৮(৫)/০২ | সবুজের বাজার কাকদ্বীপ (নুতন) | মথুরাপুর-২ কাকদ্বীপ | মথুরাপুর-২ কাকদ্বীপ | সবুজের বাজার | কাকদ্বীপ | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ | ৪৮৬৪ | |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

| ক্রমিক নং | ফাইল নং | ফেরীর নাম | থানার নাম | ব্লকের নাম | গতিপথ আরম্ভ | গতিপথ শেষ | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও স্থান | নুন্যতম ইজারা মূল্য (টাকা) | আমানতের পরিমান (টাকা) | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩ | আর.ভি.- ১/৫৮(৬)/০২ | তটের বাজার কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | তটের বাজার | কাকদ্বীপ | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ | ৪৮৬৪ | ০১/০৪/২০২২ হইতে ৩১/০৩/২০২৩ পর্যন্ত |
| ২৪ | আর.ভি.- ১/১৭/৮৯ | দমকল কুয়েমুরি | পাথরপ্রতিমা মথুরাপুর-২ | পাথরপ্রতিমা মথুরাপুর-২ | দমকল | কুয়েমুরি | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২১৮৭৭২ | ১৯৮৮৮ | |
| ২৫ | আর.ভি.- ১/১৯/৮৯ | দূর্বাচটি হরেন্দ্রনগর | কাকদ্বীপ পাথরপ্রতিমা | কাকদ্বীপ পাথরপ্রতিমা | দূর্বাচটী | হরেন্দ্রনগর | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৬৪৫৫৩৫ | ৫৮৬৮৫ | |
| ২৬ | আর.ভি.- ১/১২/৮৯ | ব্রজবল্লভপুর নামখানা | পাথরপ্রতিমা নামখানা | পাথরপ্রতিমা নামখানা | ব্রজবল্লভপুর | নামখানা | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৬১০৫১ | ১৪৬৪১ | |
| ২৭ | আর.ভি.- ১/৬৬/.. | বদকুলা | কুলতলী ক্যানিং | কুলতলী ক্যানিং | বদকুলা | মেরীগঞ্জ | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২৭১০৪৯ | ২৪৬৪১ | |
| ২৮ | আর.ভি.- ১/১/৪১ | লট নং-১৪ | কাকদ্বীপ | কাকদ্বীপ | গুভাঘাটা | লট নং-১৫ গুভাঘাটা ভায়া গঙ্গাধরপুর | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৬১৮৯১৫ | ৫৬২৬৫ | |
| ২৯ | আর.ভি.- ১/১/৪২ | লট নং-১৫ | পাথরপ্রতিমা | পাথরপ্রতিমা | গুরুদাসপুর | পূর্ণচন্দ্রপুর | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৮৮৭০৬ | ৮০৬৪ | |
| ৩০ | আর.ভি.- | গোলাবাড়ি কাছারিঘাট ভায়া হাড়ঘাঙি | ক্যানিং-১ | ক্যানিং-১ | গোলাবাড়ি | কাচাঁরিঘাট | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১১৩১৪৩ | ১০২৮৬ | |
| ৩১ | আর.ভি.- | মায়াগোয়ালিনি হলদিয়া | সাগর | সাগর | মায়াগোয়ালিনী | হলদিয়া | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৪৫৫০২ | ১২২৩১৮ | |
| ৩২ | আর.ভি.- | পিছাখালি থেকে পাঁচুয়াখালি | জয়নগর কুলতলী | জয়নগর কুলতলী | পিছাখালি | পাচুয়াখালি | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২৫৭৭৭৮ | ২৩৪৩৪ | |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

C:\Backup Babita\G\Babita_Backup\DESKTOP\Revenue Section\Ferry Nilam\FERRY NILAM LIST (2022-23) 24.02.22.doc

| ক্রমিক নং | ফাইল নং | ফেরীর নাম | থানার নাম | ব্লকের নাম | গতিপথ আরম্ভ | গতিপথ শেষ | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও স্থান | নুন্যতম ইজারা মূল্য | আমানতের পরিমান | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৩ | আর.ভি.- | লট নং-১১১/১১২ | কাকদ্বীপ পাথরপ্রতিমা | কাকদ্বীপ পাথরপ্রতিমা | গঙ্গাধরপুর | আদ্দিরবাজার | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৮৫৭২৮৫ | ৭৭৯৩৫ | ০১/০৪/২০২২ হইতে ৩১/০৩/২০২৩ পর্যন্ত |
| ৩৪ | আর.ভি.- | পুজালী - যোগেশগঞ্জ | বাসন্তী সন্দেশখালি | বাসন্তী সন্দেশখালি | পুজালী | যোগেশগঞ্জ | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৮৭০৪ | ১৩৫১৯ | |
| ৩৫ | আর.ভি - ১/৩৯/৮৯ | শোচেখালী ঝাউখালী | বাসন্তী গোসাবা | বাসন্তী গোসাবা | শোচেখালী | ঝাউখালী | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৪৪৬১২ | ৪০৫৬ | |
| ৩৬ | আর.ভি - ১/৩২/৮৯ | কুয়েমুরী মৈপীঠ | পাথরপ্রতিমা কুলতলী | পাথরপ্রতিমা কুলতলী | কুয়েমুরী | মৈপীঠ | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২৫৪৫৭২ | ২৩১৪৩ | |
| ৩৭ | আর.ভি - ১/৫৬/০১ | শম্ভুনগর গাববেড়িয়া চুনাখালি | বাসন্তী গোসাবা | বাসন্তী গোসাবা | শম্ভুনগর | চুনাখালি | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১১০৫৫০ | ১০০৫০ | |
| ৩৮ | আর.ভি | গদখালি থেকে বালি | বাসন্তী গোসাবা | বাসন্তী গোসাবা | গদখালি | বালি | ১৫/০৩/২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৩৮৬৬৩ | ৩৫১৫ | |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ